



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
জাতীয় মহিলা সংস্থা, চট্টগ্রাম জেলা কার্যালয়।
E-mail: jmsctg2016@gmail.com



স্মারক নং-জামস/চট্ট/সেলাই প্রশিক্ষণ/ ১(৩৬)২০২৩/
বিষয়ঃ জাতীয় মহিলা সংস্থা, চট্টগ্রাম জেলা কার্যালয়ে সেলাই ও এমব্রয়ডারী প্রশিক্ষণ কোর্সে প্রশিক্ষার্থী ভর্তির বিজ্ঞপ্তি

তারিখঃ ২৬/০৯/২০২৩ইং

জাতীয় মহিলা সংস্থা, চট্টগ্রাম জেলা কার্যালয়ে নভেম্বর/২০২৩ইং এবং ফেব্রুয়ারি/২০২৪ ইং ৪ (চার) মাস মেয়াদী সেলাই ও এমব্রয়ডারী প্রশিক্ষণ কোর্সে প্রশিক্ষার্থী ভর্তি করা হবে। আগ্রহী মহিলাদের অফিস চলাকালীন সময়ে অফিস কর্তৃক নির্ধারিত আবেদন ফরম সংগ্রহ করে নিম্নলিখিত শর্তাবলী অনুসরণ পূর্বক আগামী ২৫/১০/২০২৩ইং তারিখের মধ্যে নিম্ন স্বাক্ষরকারীর কার্যালয়ে আবেদনপত্র জমা দেয়ার জন্য অনুরোধ করা হলো।

আবেদনের শর্তাবলীঃ-

- (ক) শুধুমাত্র মহিলা প্রার্থীগণ আবেদন করতে পারবেন।
- (খ) আবেদনকারীর বয়স ১৮-৪৫ বছর হতে হবে।
- (গ) বিধবা/স্বামী পরিত্যক্তা, গরীব, দুস্থ ও অসহায় মহিলাদের অগ্রাধিকার দেওয়া হবে।
- (ঘ) শিক্ষাগত যোগ্যতাঃ সর্বনিম্ন ৮ম শ্রেণী পাস হতে হবে।
- (ঙ) প্রশিক্ষার্থীকে দৈনিক ১০০/-টাকা করে মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে কোর্স শেষে উপস্থিতি ভাতা প্রদান করা হবে।
- (চ) আবেদন ফরমের সাথে ২ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন ও শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত অনুলিপি ও মা বাবার জাতীয় পরিচয়পত্রের অনুলিপি জমা দিতে হবে।
- (ছ) আবেদন ফরম সংগ্রহ ও জমা দেওয়ার ঠিকানাঃ জাতীয় মহিলা সংস্থা, চট্টগ্রাম জেলা কার্যালয়, ৩৫/এ জাকির হোসেন রোড, দক্ষিণ খুলশী ১ নম্বর রোড, চট্টগ্রাম। মোবাইল নম্বরঃ ০১৭৫৩-১২১০২৫, ০১৮১৫-৮৫৪০২৩।
- (জ) সাক্ষাৎকার/বাছাই তারিখঃ ২০/১০/২০২৩
- (ঝ) ইতোপূর্বে জাতীয় মহিলা সংস্থা, চট্টগ্রাম জেলা কার্যালয় থেকে প্রশিক্ষণ গ্রহণ করেছেন তাদের আবেদন করার প্রয়োজন নেই।

(মোঃ জসিম উদ্দিন)

চেয়ারম্যান

জাতীয় মহিলা সংস্থা, চট্টগ্রাম

এবং

সহকারী কমিশনার ও এক্সিকিউটিভ
ম্যাজিস্ট্রেট, জেলা প্রশাসকের কার্যালয়,
চট্টগ্রাম।

সদয় অবগতির জন্য অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। জেলা প্রশাসক, চট্টগ্রাম।
- ২। মেয়র সিটি কর্পোরেশন, চট্টগ্রাম।
- ৩। উপ-পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, চট্টগ্রাম।
- ৪। জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, বাংলাদেশ শিশু একাডেমি, চট্টগ্রাম।
- ৫। কালচারাল অফিসার, বাংলাদেশ শিল্পকলা একাডেমি, চট্টগ্রাম।
- ৬। বিভিন্ন স্কুল কলেজ অফিসের নোটিশ বোর্ড।